# নোবেল পুরস্কার

## আলফ্রেড নোবেল

- বিখ্যাত রসায়নবিদ, প্রকৌশলী ও উদ্ভাবক আলফ্রেড নোবেল ১৮৩৩ সালে সুইডেনের স্টকহোমে জন্মগ্রহণ করেন।
- **'ডিনামাইট'** আবিষ্কারের জন্য বিখ্যাত হয়ে আছেন।
- মৃত্যুর আগে তাঁর সুবিশাল অর্থ সম্পত্তি উইল করে রেখে যান **'নোবেল ইন্সটিটিউট'** প্রতিষ্ঠার জন্য।
- তাঁর উইল মোতাবেক ১৯০১ সাল থেকে প্রবর্তিত হয় নোবেল পুরস্কার।
- অর্থনীতিতে নোবেল পুরস্কারের জন্য তাঁর উইলে কোনো অর্থ অনুমোদন করে যাননি।
- ১৮৯৬ সালের ১০ ডিসেম্বর ইতালিতে মৃত্যুবরণ করেন।
- তাঁর মৃত্যু দিবস ১০ ডিসেম্বরে নরওয়ের রাজধানী অসলোতে **'নোবেল শান্তি পুরস্কার'** প্রদান করা হয়।



**তিনি ১৮৭৫ সালে উদ্ভাবন করেন 'ব্লাস্টিং গিলাটিন'**

## প্রবর্তন ও প্রবর্তক

- **বিশ্বের সবচেয়ে সম্মানজনক পুরস্কার-** নোবেল পুরস্কার।
- **নোবেল পুরস্কারের প্রবর্তক-** সুইডেনের বিখ্যাত বিজ্ঞানী আলফ্রেড বার্নার্ড নোবেল।
- **আলফ্রেড নোবেল পুরস্কারের জন্য উইল করে যান-** ৩ কোটি ১০ লাখ ক্রোনা।
- **নোবেল পুরস্কার প্রদান করা হয়-** সুইডেন থেকে।
- **প্রথম নোবেল পুরস্কার প্রদান করা হয়-** ১৯০১ সালে।
- **নোবেল পুরস্কার দেওয়া হয়নি-** ১৯৪০, ১৯৪১ ও ১৯৪২ সালে (২য় বিশ্বযুদ্ধের কারণে)।
- **প্রতি বছর আনুষ্ঠানিকভাবে নোবেল পুরস্কার প্রদান করা হয়-** ১০ ডিসেম্বর (আলফ্রেড নোবেলের মৃত্যু দিবসে)।
- **নোবেল ফাউন্ডেশন গঠন করা হয়-** ১৯০০ সালে (এই সংস্থা ১৯০১ সাল থেকে নোবেল পুরস্কার প্রদান করে)।
- **১৯০১ সাল থেকে নোবেল পুরস্কার প্রদান করা হতো-** ৫টি ক্ষেত্রে।

### পুরস্কারের প্রেক্ষাপট জানা আছে কি?

আলফ্রেড নোবেল বিভিন্ন উদ্ভাবনের মাধ্যমে প্রচুর ধন সম্পদের মালিক হন। যার মধ্যে উল্লেখযোগ্য উদ্ভাবন ছিল 'ডিনামাইট'। শেষ জীবনে নিজের এই বিস্ময়কর উদ্ভাবন ডিনামাইটের ধ্বংসাত্মক ব্যবহার দেখে খুবই অনুতপ্ত হন। এ কারণে তিনি মৃত্যুর কয়েক বছর আগে তাঁর সম্পত্তির ৯৪ শতাংশ (৩১ মিলিয়ন সুইডিশ ক্রোনা) পাঁচটি ক্ষেত্রে পুরস্কারের জন্য উইল করে যান। কিন্তু অর্থনীতির জন্য আলফ্রেড নোবেল তাঁর উইলে কোনো অর্থ অনুমোদন করে যাননি। পরবর্তীতে সুইডেনের কেন্দ্রীয় ব্যাংকের অর্থায়নে ১৯৬৯ সাল থেকে অর্থনীতিতে নোবেল পুরস্কার প্রদান করা হয়।



Scanned with CamScanner

## পুরস্কারের বিষয়

- বর্তমানে নোবেল পুরস্কার প্রদান করা হয়- ৬ টি ক্ষেত্রে।
  - ➢ চিকিৎসা বিজ্ঞান
  - ➢ শান্তি
  - ➢ পদার্থ বিজ্ঞান
  - ➢ সাহিত্য
  - ➢ রসায়ন
  - ➢ অর্থনীতি
- প্রথমে নোবেল পুরস্কার প্রদান করা হত- ৫ টি বিষয়ে।
- আলফ্রেড নোবেল যে ক্ষেত্রে পুরস্কারের জন্য তাঁর উইলে কোনো অর্থ অনুমোদন করে যাননি- অর্থনীতিতে নোবেল পুরস্কার।
- অর্থনীতিতে নোবেল পুরস্কার প্রদানের সিদ্ধান্ত নেয়া হয়- ১৯৬৮ সালে।
- অর্থনীতিতে প্রথম নোবেল পুরস্কার প্রদান করা হয়- ১৯৬৯ সালে।



১৯৬৮ সালে সুইডেনের কেন্দ্রীয় ব্যাংক 'সেভরিজেস রিক্সব্যাংক'-এর ৩০০ বছর পূর্তিতে অর্থনীতিতে নোবেল পুরস্কার প্রদানের সিদ্ধান্ত নেওয়া হয়।

## পুরস্কার ঘোষণাকারী প্রতিষ্ঠান

- নোবেল পুরস্কার প্রদানকারী প্রতিষ্ঠান- ৪ টি। যথা-

| প্রতিষ্ঠানের নাম | ক্ষেত্র |
|---|---|
| নরওয়েজিয়ান নোবেল কমিটি | শান্তি |
| রয়েল সুইডিশ একাডেমি অব সায়েন্স | পদার্থ, রসায়ন ও অর্থনীতি |
| সুইডিশ একাডেমি | সাহিত্য |
| ক্যারোলিনস্কা ইনস্টিটিউট | চিকিৎসাবিজ্ঞান |

## প্রথম নোবেল পুরস্কার বিজয়ী

- নোবেল পুরস্কারের সূচনা হয়- ১৯০১ সালের ১০ ডিসেম্বর।

| ক্ষেত্র | সাল | নোবেল বিজয়ী ও তাঁর দেশ |
|---|---|---|
| শান্তি | ১৯০১ | হেনরি ডুনান্ট (সুইজারল্যান্ড)<br>ফ্রেডারিক পাসি (ফ্রান্স) |
| সাহিত্য | ১৯০১ | সুলি প্রুধোম (ফ্রান্স) |
| পদার্থ | ১৯০১ | উইলহেম কনরাড রন্টজেন (জার্মানি) |
| রসায়ন | ১৯০১ | জ্যাকবস হেনরিকাস ভ্যান্ট হফ (নেদারল্যান্ডস) |
| চিকিৎসা | ১৯০১ | এমিল অ্যাডলফ ভন বেহরিং (জার্মানি) |
| অর্থনীতি | ১৯৬৯ | রাগনার ফ্রিশ (নরওয়ে) ও ইয়েন টিনবারগেন (নেদারল্যান্ডস) |



Scanned with CamScanner

## উপমহাদেশে নোবেল বিজয়ী

- ভারতীয় উপমহাদেশে নোবেল পুরস্কার জয় করেন- ১২ জন। যথা-

| ক্রম | নোবেল বিজয়ী | ক্ষেত্র | সাল |
|---|---|---|---|
| ১ | রবীন্দ্রনাথ ঠাকুর (ভারত)*** | সাহিত্য | ১৯১৩ |
| ২ | চন্দ্রশেখর ভেঙ্কট রমন (ভারত) | পদার্থ | ১৯৩০ |
| ৩ | হর গোবিন্দ খোরানা (ভারত) | চিকিৎসা | ১৯৬৮ |
| ৪ | মাদার তেরেসা (ভারত)*** | শান্তি | ১৯৭৯ |
| ৫ | আব্দুস সালাম (পাকিস্তান)*** | পদার্থ | ১৯৭৯ |
| ৬ | সুব্রামানিয়ান চন্দ্রশেখর (ভারত) | পদার্থ | ১৯৮৩ |
| ৭ | অমর্ত্য সেন (ভারত)*** | অর্থনীতি | ১৯৯৮ |
| ৮ | ড. মুহাম্মদ ইউনূস (বাংলাদেশ)*** | শান্তি | ২০০৬ |
| ৯ | ভেঙ্কটরমন রামকৃষ্ণ (ভারত) | রসায়ন | ২০০৯ |
| ১০ | কৈলাশ সত্যার্থী (ভারত) | শান্তি | ২০১৪ |
| ১১ | মালালা ইউসুফজাঈ (পাকিস্তান)*** | শান্তি | ২০১৪ |
| ১২ | অভিজিৎ ব্যানার্জী (ভারত)*** | অর্থনীতি | ২০১৯ |

- নোবেল পুরস্কার প্রাপ্ত দক্ষিণ এশীয় প্রথম বিজ্ঞানী- সি.ভি. রমন; ভারত।
- ভারতীয় উপমহাদেশে বিজ্ঞানে প্রথম নোবেল পুরস্কার লাখ করেন- সি.ভি. রমন।
- সবচেয়ে কম বয়সে নোবেল পুরস্কার লাভ করেন- মালালা ইউসুফজাঈ।
- মালালা ইউসুফজাই নোবেল পুরস্কার লাভ করেন- ১৭ বছর বয়সে।
- প্রথম বাংলাদেশি হিসেবে নোবেল পুরস্কার লাভ করেন- ড. মোহাম্মদ ইউনূস।
- অর্থনীতিতে নোবেল বিজয়ী দ্বিতীয় ভারতীয়- অভিজিৎ ব্যানার্জী (২০১৯ সালে)।

## বাঙালি নোবেল বিজয়ী

- প্রথম বাঙালি হিসেবে নোবেল পুরস্কার লাভ করেন- রবীন্দ্রনাথ ঠাকুর।
- অমর্ত্য সেন যে বিষয়ে গবেষণা করে অর্থনীতিতে নোবেল পুরস্কার লাভ করেন- দুর্ভিক্ষ ও দারিদ্র্য (কল্যাণ অর্থনীতি, সামাজিক চয়ন তত্ত্ব)।
- নোবেল বিজয়ী বাঙালি- ৪ জন (সর্বশেষ বাঙ্গালি- অভিজিৎ ব্যানার্জী; ২০১৯)।



রবীন্দ্রনাথ ঠাকুর
প্রথম বাঙালি হিসেবে সাহিত্যে নোবেল লাভ করেন ১৯১৩ সালে



অমর্ত্য সেন
দ্বিতীয় বাঙালি হিসেবে অর্থনীতিতে নোবেল লাভ করেন ১৯৯৮ সালে



ড. মুহম্মদ ইউনূস
তৃতীয় বাঙালি হিসেবে শান্তিতে নোবেল লাভ করেন ২০০৬ সালে



Scanned with CamScanner

## নোবেল বিজয়ী মুসলিম

- **প্রথম মুসলিম হিসেবে নোবেল পুরস্কার লাভ করেন-** আনোয়ার সাদাত (মিশর)।
- **আরবি সাহিত্যে একমাত্র নোবেল বিজয়ী মুসলিম-** নাগিব মাহফুজ (মিশর)।
- **নোবেল বিজয়ী প্রথম মুসলিম নারী-** শিরিন এবাদি (ইরান)।
- **নোবেল বিজয়ী প্রথম আরব নারী-** তাওয়াক্কোল কারমান (ইয়েমেন)।
- **IAEA এর প্রধান ছিলেন যে মুসলিম নোবেল বিজয়ী-** মোহাম্মদ আল বারাদি।
- **মুসলিমরা এ পর্যন্ত নোবেল পুরস্কার পায়নি-** অর্থনীতি ও চিকিৎসায়।

**নোবেল বিজয়ী মুসলিম ব্যক্তিত্ব ১৫ জন**

| ক্রম | নোবেল বিজয়ী | বিষয় | সাল |
|---|---|---|---|
| ১ | আনোয়ার সাদাত; মিশর*** | শান্তি | ১৯৭৮ |
| ২ | আব্দুস সালাম; পাকিস্তান*** | পদার্থ | ১৯৭৯ |
| ৩ | নাগিব মাহফুজ; মিশর | সাহিত্য | ১৯৮৮ |
| ৪ | ইয়াসির আরাফাত; ফিলিস্তিন*** | শান্তি | ১৯৯৪ |
| ৫ | আহমেদ জেবাইল; মিশর | রসায়ন | ১৯৯৯ |
| ৬ | শিরিন এবাদি; ইরান*** | শান্তি | ২০০৩ |
| ৭ | মোহাম্মদ আল বারাদি; মিশর | শান্তি | ২০০৫ |
| ৮ | অরহান পামুক; তুরস্ক | সাহিত্য | ২০০৬ |
| ৯ | ড. মুহাম্মদ ইউনূস; বাংলাদেশ*** | শান্তি | ২০০৬ |
| ১০ | তাওয়াক্কোল কারমান; ইয়েমেন*** | শান্তি | ২০১১ |
| ১১ | মালালা ইউসুফজাঈ; পাকিস্তান*** | শান্তি | ২০১৪ |
| ১২ | আজিজ স্যানকার; তুরস্ক | রসায়ন | ২০১৫ |
| ১৩ | আবদুলরাজাক গুনরাহ; তানজানিয়া | সাহিত্য | ২০২১ |
| ১৪ | মৌঙ্গি বাওয়েন্ডি; ফ্রান্স | রসায়ন | ২০২৩ |
| ১৫ | নার্গিস মোহাম্মদি; ইরান*** | শান্তি | ২০২৩ |

## মার্কিন প্রেসিডেন্টদের নোবেল জয়

- **এ পর্যন্ত মার্কিন প্রেসিডেন্ট হিসেবে নোবেল পুরস্কার পান-** ৪ জন।
  - প্রথম মার্কিন প্রেসিডেন্ট হিসেবে থিওডর রুজভেল্ট ১৯০৬ সালে শান্তিতে।
  - দ্বিতীয় প্রেসিডেন্ট হিসেবে উড্রো উইলসন ১৯১৯ সালে শান্তিতে।
  - তৃতীয় প্রেসিডেন্ট হিসেবে জিমি কার্টার ২০০২ সালে শান্তিতে।
  - চতুর্থ প্রেসিডেন্ট হিসেবে বারাক ওবামা ২০০৯ সালে শান্তিতে।
- **ক্ষমতায় থাকা অবস্থায় মার্কিন প্রেসিডেন্ট হিসেবে নোবেল পুরস্কার পান-** ৩ জন।
  - থিওডর রুজভেল্ট ১৯০৬ সালে।
  - উড্রো উইলসন ১৯১৯ সালে।
  - বারাক ওবামা ২০০৯ সালে।



Scanned with CamScanner

## নোবেল পুরস্কার প্রত্যাখানকারী

- **স্বেচ্ছায় নোবেল পুরস্কার প্রত্যাখান করে-** ২ জন।
  - ফ্রান্সের জ্যাঁ পল সাত্রে; ১৯৬৪ সালে (সাহিত্যে)।
  - ভিয়েতনামের লি ডাক থো; ১৯৭৩ সালে (শান্তিতে)।
- **সরকারের চাপে নোবেল পুরস্কার গ্রহণ করতে পারেনি-**
  - জার্মানির কার্ল ভন অসিসকাই; ১৯৩৫ সালে (শান্তিতে)।
  - জার্মানির রিচার্ড কুহান; ১৯৩৮ সালে (রসায়নে)।
  - জার্মানির এডলফ বুটেনান্ট; ১৯৩৯ সালে (রসায়নে)।
  - জার্মানির গেরহার্ড ডোমাক; ১৯৩৯ সালে (চিকিৎসায়)।
  - রাশিয়ার বরিস পেরেসত্রোনক; ১৯৫৮ সালে (সাহিত্যে)।
  - চীনের লিউ জিয়াবো; ২০১০ সালে (শান্তিতে)।
- **এশিয়া হতে শান্তিতে নোবেল পুরস্কার পেয়েও প্রত্যাখ্যান করেন-** ভিয়েতনামের লি ডাক থো।
- **এশিয়ার শান্তিতে নোবেল বিজয়ী প্রথম ব্যক্তি-** ভিয়েতনামের লি ডাক থো।
- **এশিয়ায় সাহিত্যে নোবেল জয়ী প্রথম নারী-** দক্ষিণ কোরিয়ার হান কাং।
- **সাহিত্যে নোবেল পুরস্কার প্রত্যাখ্যান করেন-** ২ জন।
  - রাশিয়ার বরিস পেস্তারনেক; ১৯৫৮ সালে।
  - ফ্রান্সের জ্যাঁ পল সাত্রে; ১৯৬৪ সালে।



**ফ্রান্সের জ্যাঁ পল সাত্রে স্বেচ্ছায় নোবেল প্রত্যাখান করেন ১৯৬৪ সালে**



**ভিয়েতনামের লি ডাক থো স্বেচ্ছায় নোবেল প্রত্যাখান করেন ১৯৭৩ সালে**

## মরণোত্তর নোবেল বিজয়ী

- **এ পর্যন্ত মরণোত্তর নোবেল পুরস্কার লাভ করেন-** ৩ জন।
  - সুইডিশ কবি এরিক কার্লফেল্ট; ১৯৩১ সালে (সাহিত্যে)।
  - সুইডেনের দ্যাগ হ্যামারশোল্ড; ১৯৬১ সালে (শান্তিতে)।
  - কানাডার রালফ এম স্টেইনম্যান; ২০১১ সালে (চিকিৎসায়)।



Scanned with CamScanner

## নোবেল বিজয়ী নারী

- প্রথম নোবেল বিজয়ী নারী- পোল্যান্ডের মাদাম কুরি; ১৯০৩ সালে (পদার্থে)।
- ভারতীয় উপমহাদেশে নোবেল বিজয়ী নারী- মাদার তেরেসা ও মালালা ইউসুফজাঈ।

| ছয়টি ক্ষেত্রে নোবেল বিজয়ী প্রথম নারী | | |
|---|---|---|
| ক্ষেত্র | সাল | নাম |
| পদার্থ | ১৯০৩ | মেরি কুরি (পোল্যান্ড) |
| শান্তি | ১৯০৫ | বার্থাভন সুটনার (অস্ট্রিয়া) |
| রসায়ন | ১৯১১ | মেরি কুরি (পোল্যান্ড) |
| সাহিত্য | ১৯০৯ | সেলমা লাগেরলফ (সুইডেন) |
| চিকিৎসা | ১৯৪৭ | গার্টি কোরি (যুক্তরাষ্ট্র) |
| অর্থনীতি | ২০০৯ | এলিনর অস্ট্রম (যুক্তরাষ্ট্র) |

| তথ্য বৈচিত্র্যে নোবেল বিজয়ী নারী | |
|---|---|
| নাম | বিশেষত্ব |
| শিরিন এবাদি (ইরান) | শান্তি; ২০০৩ সালে<br>নোবেল বিজয়ী প্রথম মুসলিম নারী |
| ওয়ানগারি মাথাই (কেনিয়া) | শান্তি; ২০০৪ সালে<br>আফ্রিকা মহাদেশ থেকে নোবেল বিজয়ী প্রথম নারী |
| মালালা ইউসুফজাঈ (পাকিস্তান) | শান্তি; ২০১৪<br>নোবেল পুরস্কার বিজয়ী সর্বকনিষ্ঠ নারী |

## ভিন্ন তথ্যে নোবেল পুরস্কার

- **রাজনীতিবিদ হয়েও সাহিত্যে নোবেল পুরস্কার পান-** সাবেক ব্রিটিশ প্রধানমন্ত্রী উইন্সটন চার্চিল; ১৯৫৩ সালে Second World War গ্রন্থের জন্য।
- **দার্শনিক হয়েও সাহিত্যে নোবেল পুরস্কার পান-** ব্রিটেনের বার্ট্রান্ড রাসেল (১৯৫০ সালে)।
- **বিজ্ঞানী কিন্তু শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছেন-**লিনাস পাউলিং (১৯৬২ সালে)।
- **মনোবিজ্ঞানী কিন্তু অর্থনীতিতে নোবেল পুরস্কার পেয়েছেন-** ড্যানিয়েল ক্যানেম্যান (২০০২ সালে)।
- **পিতা-পুত্র একই সালে নোবেল পুরস্কার পেয়েছেন-** পিতা উইলিয়াম ব্রাগ ও পুত্র লরেন্স ব্রাগ; পদার্থবিজ্ঞানে।
- **সবচেয়ে কম বয়সে নোবেল পুরস্কার লাভ করেন-** পাকিস্তানের মালালা ইউসুফজাঈ। তিনি ২০১৪ সালে ১৭ বছর বয়সে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন।
- **সবচেয়ে বেশি বয়সে নোবেল পুরস্কার লাভ করেন-** যুক্তরাষ্ট্রের জন বি. গুডএনাফ। তিনি ২০১৯ সালে ৯৭ বছর বয়সে রসায়নে নোবেল পুরস্কার লাভ করেন।
- **শান্তিতে তিনবার নোবেল পুরস্কার বিজয়ী সংস্থা-** International Committee of the Red Cross (ICRC); ১৯১৭, ১৯৪৪ এবং ১৯৬৩ সালে।



Scanned with CamScanner

## অস্কার পুরস্কার

- **বিশ্ব চলচ্চিত্রের সবচেয়ে মর্যাদাপূর্ণ পুরস্কার-** অস্কার।
- **পুরস্কারটি অন্য যে নামে পরিচিত-** অ্যাকাডেমি অ্যাওয়ার্ডস।
- **পুরস্কারটি প্রথম প্রদান করা হয়-** ১৯২৯ সালে।
- **অস্কার পুরস্কারের অনুষ্ঠানস্থল-** লস অ্যাঞ্জেলস ডলবি থিয়েটার হল, যুক্তরাষ্ট্র।
- **পুরস্কারটির প্রবর্তক-** যুক্তরাষ্ট্রের হলিউডের 'অ্যাকাডেমি অব মোশন পিকচার্স আর্টস অ্যান্ড সায়েন্স'।
- **পুরস্কারটি প্রদান করা হয়-** ২৪টি ক্যাটাগরিতে।
- **প্রথম কৃষ্ণাঙ্গ নারী হিসেবে দুটি অস্কার জিতেন-** রুথ ই. কার্টার (যুক্তরাষ্ট্র)।
- **প্রথম অস্কার বিজয়ী ভারতীয়-** বানু আথাইয়া; ১৯৮২ সালে 'গান্ধী' চলচ্চিত্রের জন্য।
- **প্রথম বাঙালি ও দ্বিতীয় ভারতীয় হিসেবে অস্কার বিজয়ী-** সত্যজিৎ রায়; ১৯৯২ সালে।
- **এককভাবে দুটি ক্যাটাগরিতে অস্কার বিজয়ী প্রথম ভারতীয়-** এ.আর. রহমান।
- **প্রথম বাংলাদেশি অস্কার বিজয়ী-** নাফিস বিন জাফর; ২০০৭ ও ২০১৫ সালে।
- **নাফিস বিন জাফর যে ক্যাটাগরিতে পুরস্কার পান-** বিজ্ঞান ও প্রযুক্তি।
- **এ পর্যন্ত মরণোত্তর অস্কার বিজয়ী অভিনেতা-** ২ জন।
  - পিটার ফিঞ্চ; ১৯৭৬ সালে।
  - হিথ লেজার; ২০০৮ সালে।

### ইতিহাসে নোবেল ও অস্কার বিজয়ী দুই ব্যক্তিত্ব

| বব ডিলান | জর্জ বার্নাড শ |
|---|---|
|  ২০০১ সালে 'সেরা সংগীত' বিভাগে অস্কার পুরস্কার ও ২০১৬ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন। |  ১৯২৫ সালে সাহিত্যে নোবেল পুরস্কার ও ১৯৩৯ সালে 'সেরা চিত্রনাট্য' বিভাগে অস্কার পুরস্কার লাভ করেন। |

## কান চলচ্চিত্র উৎসব

- **কান চলচ্চিত্র উৎসব প্রবর্তন করা হয়-** ফ্রান্স থেকে।
- **কান চলচ্চিত্র উৎসবের অফিসিয়াল নাম-** Festival De Cannes.
- **'কান' চলচ্চিত্র উৎসবের সর্বোচ্চ পুরস্কার-** 'পাম ডি'অর' বা 'স্বর্ণ পাম'।
- **'কান' যে দেশের শহরের নাম-** ফ্রান্স।



Scanned with CamScanner

# অন্যান্য উল্লেখযোগ্য পুরস্কার

## রামোন ম্যাগসেসে পুরস্কার

- **পুরষ্কারটি প্রবর্তিত হয়-** ১৯৫৭ সালে।
- **পুরষ্কারটিকে বিবেচনা করা হয়-** এশিয়ার নোবেল পুরস্কার হিসেবে ।
- **পুরষ্কারটির প্রবর্তন করা হয়-** ফিলিপাইনের সাবেক রাষ্ট্রপতি রামোন ম্যাগসেসেকে স্মরণ করে।
- **পুরষ্কারটি প্রদান করা হয়-** ছয়টি বিভাগে।
  - ➢ সরকারি সেবা
  - ➢ জনসেবা
  - ➢ সামাজিক নেতৃত্ব
  - ➢ উদীয়মান নেতৃত্ব
  - ➢ শান্তি ও আন্তর্জাতিক সমন্বয় এবং
  - ➢ সাংবাদিকতা, সাহিত্য ও সৃজনশীল যোগাযোগ
- **এ পর্যন্ত রামোন ম্যাগসেসে পুরস্কার বিজয়ী বাংলাদেশি-** ১৩ জন।

**উল্লেখযোগ্য ম্যাগসেসে বিজয়ী বাংলাদেশি**

| | |
|---|---|
| ➢ তাহেরুন্নেসা আব্দুল্লাহ; ১৯৭৮ | ➢ আবদুল্লাহ আবু সায়ীদ; ২০০৪ |
| ➢ ফজলে হাসান আবেদ; ১৯৮০ | ➢ সৈয়দা রিজওয়ানা হাসান; ২০১২ |
| ➢ ড. মুহাম্মদ ইউনুস; ১৯৮৪ | ➢ ফেরদৌসী কাদরী; ২০২১ |
| ➢ জাফরুল্লাহ চৌধুরী; ১৯৮৫ | ➢ করভি রাকসান্দ; ২০২৩ (সর্বশেষ) |

## পুলিৎজার পুরস্কার

- **পুরস্কারটি প্রদান করে-** যুক্তরাষ্ট্রের কলম্বিয়া বিশ্ববিদ্যালয়।
- **নামকরণ করা হয়-** যুক্তরাষ্ট্রের সাংবাদিক জোসেফ পুলিৎজারের নামানুসারে।
- **প্রদান করা হয়-** সাহিত্যে ৬টি, সঙ্গীতে ১টি এবং সাংবাদিকতায় ১৪টি।
- **বর্তমান অর্থমূল্য-** ১৫ হাজার ডলার ও স্বর্ণপদক।
- **পুলিৎজার পুরস্কার প্রদান শুরু হয়-** ১৯১৭ সাল থেকে।
- **মার্কিন প্রেসিডেন্ট জন এফ কেনেডিকে সাহিত্যে অবদানের জন্য প্রদান করা হয়-** পুলিৎজার পুরস্কার।
- **পুলিৎজার বিজয়ী প্রথম ওয়েবসাইটের নাম-** Pro Publica (২০১০)।

## আগা খান পুরস্কার

- **পুরস্কারটি প্রদান করা হয়-** স্থাপত্য শিল্পে অবদান রাখার জন্য।
- **পুরস্কারটি প্রবর্তন করা হয়-** ১৯৭৭ সাল থেকে।
- **পুরস্কার প্রদানের দায়িত্ব-** আগা খান ডেভেলমেন্ট নেটওয়ার্কের।

## সার্ক সাহিত্য পুরস্কার

- **পুরস্কারটি প্রবর্তন করা হয়-** ২০০১ সাল থেকে।
- **পুরস্কারটির প্রবর্তক-** 'ফাউন্ডেশন অব সার্ক রাইটার্স অ্যান্ড লিটারেচার'।
- **প্রথম সার্ক সাহিত্য পুরস্কার লাভ করেন-** কবি শামসুর রাহমান (বাংলাদেশ)।



Scanned with CamScanner

## শাখারভ পুরস্কার

- পুরস্কারটির পুরো নাম- 'শাখারভ প্রাইজ ফর ফ্রীডম অব থট' (মুক্ত চিন্তায় শাখারভ পুরস্কার)।
- প্রবর্তিত হয়- ১৯৮৮ সালে।
- প্রবর্তক- ইউরোপীয়ান পার্লামেন্ট।
- পুরস্কারটি প্রবর্তন করা হয়- বিখ্যাত পরমাণু বিজ্ঞানী আন্দ্রে শাখারভের সম্মানার্থে।
- মানবাধিকার ও মুক্ত চিন্তার মৌলিক বিকাশে অবদানের জন্য এ পুরস্কার প্রদান করা হয়।

## বুকার পুরস্কার

- পূর্বনাম- ম্যান বুকার পুরস্কার।
- ব্রিটেনের সাহিত্যে সর্বোচ্চ পুরস্কারের নাম- বুকার পুরস্কার।
- পুরস্কারটি প্রবর্তন করা হয়- ১৯৬৯ সালে।
- প্রবর্তক- যুক্তরাজ্যের বুকার ম্যাক কোলেন কোম্পানি।
- বর্তমান অর্থমূল্য- ৫০ হাজার পাউন্ড।
- প্রথম বুকার পুরস্কার লাভ করেন- পার্সি হাওয়ার্ড নিউবে (১৯৬৯ সালে)।
- প্রথম নারী হিসেবে বুকার পুরস্কার বিজয়ী- বার্নিস রুবিনস (ব্রিটেন)।
- ম্যান বুকার পুরস্কারের ২৫ বছর পূর্তিতে ১৯৯৩ সালে প্রদান করা বিশেষ পুরস্কারের নাম- বুকার অব বুকারস।
- 'বুকার অব বুকারস' পুরস্কার লাভ করেন- সালমান রুশদি; 'মিডনাইটস চিলড্রেন' গ্রন্থের জন্য।
- পুরস্কার প্রাপ্তির শর্তাবলী- লেখককে অবশ্যই কমনওয়েলথভুক্ত দেশ, জিম্বাবুয়ে অথবা আয়ারল্যান্ডের নাগরিক হতে হবে এবং উপন্যাসটি রচিত হতে হবে ইংরেজি ভাষায়।

## আন্তর্জাতিক বুকার পুরস্কার

- অন্যনাম- ম্যান বুকার আন্তর্জাতিক পুরস্কার।
- বিশ্বে সাহিত্যের অন্যতম সম্মানজনক পুরস্কারের নাম- আন্তর্জাতিক বুকার পুরস্কার।
- আন্তর্জাতিক বুকার পুরস্কার প্রবর্তন করে- ২০০৫ সালে।
- পুরস্কারটি প্রদান করে- যুক্তরাজ্য।
- গল্প, উপন্যাস লেখায় অসামান্য অবদানের জন্য এ পুরস্কার দেয়া হয়- দুই বছর পর পর।
- বর্তমান অর্থমূল্য- ৫০ হাজার পাউন্ড।
- পুরস্কার প্রাপ্তির শর্তাবলী- বিশ্বের যে কোনো দেশের লেখক এই পুরস্কার গ্রহণ করতে পারবে।

## অ্যাবেল পুরস্কার

- গণিতের সবচেয়ে সম্মানজনক পুরস্কারের নাম- অ্যাবেল পুরস্কার।
- পুরস্কারটি প্রবর্তন করা হয়- ২০০৩ সাল থেকে।
- পুরস্কারটির প্রবর্তক- নরওয়ের 'অ্যাকাডেমি অব সায়েন্স অ্যান্ড লেটারস'।



Scanned with CamScanner

# এই অধ্যায়ের সাথে জড়িত বিগত বছরের প্রশ্ন

## ঢাকা বিশ্ববিদ্যালয়

১. **নিচে উল্লেখিত কোন লেখক নোবেল পুরস্কার প্রত্যাখ্যান করেছিলেন?** [DU খ' ২৩-২৪, ০২-০৩]
ক. জ্যাঁ পল সাত্রে
খ. পিটার হ্যান্ডকে
গ. এনি এরনোক্স
ঘ. জন বারডিন

২. **কে প্রথম কৃষ্ণাঙ্গ নারী হিসেবে দুটি অস্কার জিতেন?** [DU খ' ২৩-২৪]
ক. রুথ ই. কার্টার
খ. হেলি বেরি
গ. হ্যাটি ম্যাকড্যানিয়েল
ঘ. ল্যাশনা লিঞ্চ

৩. **যে প্রতিষ্ঠান ৩ বার শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছে-** [DU খ' ২২-২৩]
ক. ICRC খ. UNHCR গ. UNICEF ঘ. IOM

৪. **'স্বর্ণ পাম' — চলচ্চিত্র উৎসবের মুখ্য পুরস্কার-** [DU খ' ২১-২২]
ক) ভেনিস খ) বার্লিন গ) কান ঘ) শিকাগো

৫. **২০২০ সালে অস্কার পুরস্কারপ্রাপ্ত শ্রেষ্ঠ চলচ্চিত্র হলো-** (DU খ' ২০-২১)
ক) মিনারি খ) প্যারাসাইট গ) হোয়াইট টাইগার ঘ) মারেজ স্টোরি

৬. **কোন ক্ষেত্রে অবদানের জন্য 'ম্যান বুকার' পুরস্কার দেওয়া হয়?** (DU ঘ' ২০-২১)
ক) সংগীত খ) সাংবাদিকতা গ) চলচ্চিত্র ঘ) সাহিত্য

৭. **আলফ্রেড নোবেল কী আবিষ্কার করেছিলেন?** (30 BCS, DU খ' ০১-০২)
ক) বিদ্যুৎ খ) কম্পিউটার গ) ডিনামাইট ঘ) পোলিও টীকা

৮. **সর্বমোট কয়টি বিষয়ে নোবেল পুরস্কার দেওয়া হয়?** (DU খ' ০৪-০৫; ঘ' ০২-০৩)
ক) ৫টি খ) ৬টি গ) ৮টি ঘ) ৯টি

৯. **অর্থনীতিতে কে সর্বপ্রথম নোবেল পুরস্কার লাভ করেন?** (DU খ' ৯৮-৯৯)
ক) মার্গারেট মুয়েলার
খ) হেরটা মুয়েলার
গ) হেনরিয়েটা মুয়েলার
ঘ) র‍্যাগনার ফ্রেশ ও জেন টিনবারজেন

১০. **২০০৩ সালে নোবেল শান্তি পুরস্কার পেয়েছেন কে?** (DU ঙ' ০৩-০৪)
ক) শিরিন এবাদি খ) হানাহ আশরাফি গ) হিলারি ক্লিনটন ঘ) মাদার তেরেসা

১১. **কোন ক্ষেত্রে অবদানের জন্য অমর্ত্য সেনকে নোবেল পুরস্কার দেয়া হয়েছে?** (DU খ' ০১-০২, ৯৮-৯৯)
ক) উন্নয়ন অর্থনীতি
খ) মজুরিতত্ত্ব
গ) কল্যাণ অর্থনীতি
ঘ) আন্তর্জাতিক বাণিজ্যতত্ত্ব

১২. **কোন বৈজ্ঞানিক সর্বপ্রথম দুইবার নোবেল পুরস্কার পান?** (DU ঘ' ১৩-১৪/ MC ৮৯-৯০)
ক) স্যার আইজাক নিউটন
খ) আলবার্ট আইনস্টাইন
গ) আলেকজান্ডার গ্রাহাম বেল
ঘ) মেরি কুরি

১৩. **প্রথম নোবেল বিজয়ী নারী কে?** (প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সাইফার অফিসার-০৫/ DU খ' ১৫-১৬)
ক) মাদাম ম্যারি কুরি
খ) আইরিন কুরি
গ) সেলমা লেগারলফ
ঘ) লরা জেরি

১৪. **সাহিত্যে নোবেল পুরস্কারজয়ী প্রথম মহিলা কে?** (DU ঘ' ১৫-১৬)
ক) পার্ল বাক
খ) সোলমা লেগারলফ
গ) গ্রেজিয়া ডেলেদ্দা
ঘ) সিগ্রিড উন্দসেট

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১. ক | ২. ক | ৩. ক | ৪. গ | ৫. খ | ৬. ঘ | ৭. গ | ৮. খ |
| ৯. ঘ | ১০. ক | ১১. গ | ১২. ঘ | ১৩. ক | ১৪. খ | | |



Scanned with CamScanner

**১৫. নোবেল পুরস্কারপ্রাপ্ত দক্ষিণ এশীয় প্রথম বিজ্ঞানী কে?** (DU খ' ৯৭-৯৮)
ক) ড. খোরানা খ) সি.ভি. রমন গ) ড. চন্দ্রশেখর ঘ) ড. সালাম

**১৬. সর্বশেষ বাঙালি নোবেল বিজয়ী হলেন-** (DU ঘ' ০৯-১০)
ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) অমর্ত্য সেন
গ) ফজলে হাসান আবেদ ঘ) মুহাম্মদ ইউনূস
*নোট: সর্বশেষ নোবেল বিজয়ী বাঙালি অভিজিৎ ব্যানার্জী (২০১৯)।*

**১৭. যে বাংলাদেশি সর্বশেষ ম্যাগসেসে পুরস্কার পেয়েছেন-** (DU খ' ০৪-০৫)
ক) আবদুল্লাহ আবু সায়ীদ খ) নোমান খান
গ) তাহেরুন্নেসা আবদুল্লাহ ঘ) সৈয়দা রিজওয়ানা হাসান
*নোট: সর্বশেষ ম্যাগসেসে পুরস্কার বিজয়ী বাংলাদেশি করভি রাকসান্দ (২০২৩)।*

**১৮. ভারতের কোন রাষ্ট্রপতি ভারতরত্ন সম্মানে ভূষিত হন?** (DU ঘ' ০৪-০৫)
ক) ড. রাজেন্দ্রপ্রসাদ খ) ড. রাধাকৃষ্ণন
গ) ড. জাকির হোসেন ঘ) ড. আবুল কালাম

## বি সি এস

**১৯. নোবেল বিজয়ী নারী কয়জন?** (45 BCS)
ক) ৫০ জন খ) ৫৭ জন গ) ৬০ জন ঘ) ৩০ জন
*নোট: ৬৪ জন নারী মোট ৬৫ বার নোবেল পুরস্কার লাভ করেন। এর মধ্যে একমাত্র নারী হিসেবে ২টি নোবেল পুরস্কার (পদার্থ ও রসায়ন) লাভ করেন মেরী কুরি।*

**২০. কোন দুটি দেশের মধ্যে সীমান্ত বিরোধ নিষ্পত্তির জন্য ২০১৯ সালে নোবেল শান্তি পুরস্কার দেয়া হয়?** (41 BCS)
ক) ক্যামেরুন এবং ইথিওপিয়া খ) পেরু এবং ভেনেজুয়েলা
গ) ইথিওপিয়া এবং ইরিত্রিয়া ঘ) মালি এবং সেনেগাল

**২১. নোবেল বিজয়ী প্রথম মুসলিম নারী কে?** (32 BCS)
ক) সিফাতই রাব্বানী খ) জান্নাতুল ফেরদৌস
গ) শিরিন এবাদি ঘ) বেনজীর আহমদ

**২২. কোন মুসলিম মনীষী সর্বপ্রথম নোবেল পুরস্কার পান?** (27 BCS)
ক) ইয়াসির আরাফাত খ) নাগীব মাহফুজ
গ) আনোয়ার সাদাত ঘ) আব্দুস সালাম

**২৩. শান্তির জন্য প্রথম কোন মহিলা নোবেল পুরস্কার পান?** (26 BCS)
ক) আলভা মায়ার ডাল খ) অং সান সুচি
গ) শিরিন এবাদি ঘ) বার্থাভন সুটনার

**২৪. একজন রাজনীতিবিদ কিন্তু সাহিত্যে নোবেল পুরস্কার পেয়েছেন-** (18 BCS)
ক) চার্চিল খ) কিসিঞ্জার গ) দ্য গল ঘ) রুজভেল্ট

**২৫. এ উপমহাদেশ থেকে এ যাবত কতজন নোবেল পুরস্কার পেয়েছেন?** (15 BCS)
ক) ৪ জন খ) ৫ জন গ) ৬ জন ঘ) ৯ জন
*নোট: এ পর্যন্ত উপমহাদেশে নোবেল বিজয়ী ব্যক্তিত্ব ১২ জন।*

**২৬. নোবেল পুরস্কারের প্রবর্তক আলফ্রেড নোবেল ধনী হয়েছিলেন-** (18 BCS)
ক) তেলের খনির মালিক হিসেবে খ) উন্নত ধরনের বিস্ফোরক আবিষ্কার করে
গ) জাহাজের ব্যবসা করে ঘ) ইস্পাত কারখানার মালিক হিসেবে

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১৫. খ | ১৬. * | ১৭. * | ১৮. ঘ | ১৯. * | ২০. গ | ২১. গ | ২২. গ |
| ২৩. ঘ | ২৪. ক | ২৫. * | ২৬. খ | | | | |



Scanned with CamScanner

## মেডিকেল ভর্তি পরীক্ষা

২৭. সুইডিশ বিজ্ঞানী আলফ্রেড নোবেল যে বিষয়ে পুরস্কার দিয়ে যাননি- (MC ০৬-০৭)
ক) শান্তি খ) চিকিৎসাবিজ্ঞান গ) পদার্থবিদ্যা ঘ) অর্থনীতি

২৮. অর্থনীতিতে যে সালে নোবেল পুরস্কার চালু করা হয়- (MC ০১-০২)
ক) ১৯৬৯ খ) ১৯১৭ গ) ১৯০১ ঘ) ১৯৫৯

২৯. নিম্নলিখিত ব্যক্তিবর্গের মধ্যে কে নোবেল পুরস্কার পান নাই- (MC ১৪-১৫)
ক) স্টিফেন হকিং খ) মাও সেতুং গ) বারাক ওবামা ঘ) অমর্ত্য সেন

৩০. পদার্থবিদ্যায় কোন ভারতীয় বিজ্ঞানী নোবেল পুরস্কার লাভ করেন- (MC ৯০-৯১)
ক) জগদীশ চন্দ্র বসু খ) মেঘনাথ সাহা
গ) আব্দুস সালাম ঘ) চন্দ্রশেখর ভেকটর রমন

## অন্যান্য বিশ্ববিদ্যালয় ও অন্যান্য চাকুরির পরীক্ষা

৩১. নোবেল পুরস্কারের জন্য প্রার্থী নির্বাচনে কয়টি কমিটি কাজ করে? (যবিপ্রবি ঘ' ১৯-২০)
ক) ৫ খ) ৬ গ) ৭ ঘ) ৪

৩২. নোবেল বিজয়ী বাঙালি জ্ঞান সাধকের সংখ্যা কত? (কানইবি ক' ১৯-২০)
ক) ৫ খ) ৪ গ) ৩ ঘ) ২

৩৩. মনোবিজ্ঞানী হয়েও অর্থনীতিতে নোবেল পুরস্কার পান কে? (চবি খ' ১৭-১৮)
ক) ড্যানিয়েল ক্যাহম্যান (২০০২) খ) অর্মত্য সেন (১৯৯৮)
গ) কোইচি তানাকা (২০০২) ঘ) এলিনর অস্ট্রোম (২০০৯)

৩৪. এশিয়ান নোবেল নামে খ্যাত- (নার্সিং ও মিডওয়াফ অধিদপ্তরের মিডওয়াফ- ১৭)
ক) পদ্মভূষণ খ) ম্যাগসেসে গ) আগাখান পুরস্কার ঘ) পুলিৎজার

৩৫. ইংরেজি সাহিত্যের সবচেয়ে মর্যাদাপূর্ণ পুরস্কার কী? (জবি ঘ' ১৭-১৮)
ক) বুকার পুরস্কার খ) অস্কার পুরস্কার গ) ম্যাগসেসে পুরস্কার ঘ) পুলিৎজার পুরস্কার

৩৬. এ পর্যন্ত কতজন আফ্রিকান নারী শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছেন? (ইবি C' ১৫-১৬)
ক) ১জন খ) ২ জন গ) ৩ জন ঘ) ৪ জন

৩৭. নিচের কোন বাংলাভাষী অর্থনীতিতে নোবেল পুরস্কার পান? (চবি D3' ১৫-১৬)
ক) শ্রী জগদীশ চন্দ্র বসু খ) অমর্ত্য সেন গ) মুহাম্মদ ইউনূস ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর

৩৮. প্রথম ক্রীড়াবিদ হিসেবে 'ভারতরত্ন' খেতাব বিজয়ী কে? (RU A' ১৪-১৫)
ক) শচীন টেন্ডুলকার খ) গৌতম গম্ভীর গ) মহেন্দ্র সিং ধোনি ঘ) বীরেন্দ্র সেবাগ

৩৯. 'Booker Prize' দেয়া হয়- (প্রাথমিক শিক্ষা সহকারী ইন্সট্রাক্টর-১২)
ক) বিজ্ঞানের জন্য খ) সাহিত্যের জন্য গ) দর্শনের জন্য ঘ) চিত্রকলার জন্য

৪০. নোবেল পুরস্কার কোন দেশ থেকে দেয়া হয়? (প্রা বি প্রধান শিক্ষক-১০)
ক) বেলজিয়াম খ) যুক্তরাজ্য গ) জার্মানি ঘ) সুইডেন

৪১. নিম্নের কোন নারী শান্তিতে প্রথম নোবেল পুরস্কার বিজয়ী হন? (BDS ০৮-০৯)
ক) হেরটা মুয়েলার খ) টমাস কার্লাইল গ) এলিনর অস্ট্রম ঘ) বার্থাভন সুটনার

৪২. সাহিত্যে মরণোত্তর একমাত্র নোবেল বিজয়ী- (PSC এর সহকারী সচিব-০৫)
ক) এরিক কে. কার্লফেল্ট খ) পার্ল এস. বাক
গ) পাবলো নেরুদা ঘ) সল বেলে

৪৩. মাদাম কুরি ছিলেন একজন- (ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা-০৩)
ক) কবি খ) সাহিত্যিক গ) অর্থনীতিবিদ ঘ) বৈজ্ঞানিক

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ২৭. ঘ | ২৮. ক | ২৯. ক | ৩০. ঘ | ৩১. ঘ | ৩২. খ | ৩৩. ক | ৩৪. খ |
| ৩৫. ক | ৩৬. গ | ৩৭. খ | ৩৮. ক | ৩৯. খ | ৪০. ঘ | ৪১. ঘ | ৪২. ক |
| ৪৩. ঘ | | | | | | | |



Scanned with CamScanner

## বিশ্বের বিখ্যাত ব্যাংক

- **বিশ্বের প্রথম ব্যাংক প্রতিষ্ঠিত হয়–** চীনে।
- **বিশ্বের প্রথম ব্যাংক–** ব্যাংক অব শান্সী।
- **ব্যাংক অব শান্সী প্রতিষ্ঠিত হয়–** খ্রিস্টপূর্ব ৬০০ অব্দে।
- **বিশ্বের প্রথম সংঘটিত কেন্দ্রীয় ব্যাংক–** ব্যাংক অব ইংল্যান্ড।
- **বিশ্বের প্রথম সরকারি ব্যাংক–** ব্যাংক অব সুইডেন।
- **বিশ্বের প্রথম সনদপ্রাপ্ত বাণিজ্যিক ব্যাংক প্রতিষ্ঠিত হয়– ১৬৫৬ সালে।**
- **বিশ্বের প্রথম সনদপ্রাপ্ত কেন্দ্রীয় ব্যাংক প্রতিষ্ঠিত হয়– ১৬৯৪ সালে।**
- **বিশ্বের প্রথম কেন্দ্রীয় ব্যাংক প্রতিষ্ঠিত হয়–** ইংল্যান্ডে।
- **বিশ্বের প্রথম সুদবিহীন ব্যাংক প্রতিষ্ঠিত হয়–** মিশরে।
- **ব্যাংকিং ব্যবসা প্রথম শুরু হয়েছিল–** ইতালিতে।
- **বিশ্বের প্রথম যৌথ উদ্যোগের ব্যাংক গড়ে ওঠে–** ইতালিতে।
- **পৃথিবীর প্রথম যৌথ উদ্যোগের ব্যাংক গড়ে উঠেছিল–** ৭০০ সালে।
- **বিশ্বের যে ব্যাংক প্রথম নোট ইস্যু করে–** ন্যাশনাল ব্যাংক অব সুইডেন।

### বিভিন্ন ক্ষেত্রে বিশ্বের প্রথম ব্যাংক

| ক্ষেত্র | নাম |
|---|---|
| বিশ্বের প্রথম ব্যাংক | ব্যাংক অব শান্সী |
| বিশ্বের প্রথম আধুনিক ব্যাংক | ব্যাংক অব বার্সিলোনা |
| বিশ্বের নোট ইস্যুকারী প্রথম ব্যাংক | ন্যাশনাল ব্যাংক অব সুইডেন |
| বিশ্বের প্রথম সংঘটিত কেন্দ্রীয় ব্যাংক | ব্যাংক অব ইংল্যান্ড |
| বিশ্বের প্রথম সুদবিহীন ব্যাংক | মিটগামা ব্যাংক, মিশর |
| বিশ্বের প্রথম সরকারি ব্যাংক | ব্যাংক অব সুইডেন |
| উপমহাদেশের প্রথম আধুনিক ব্যাংক | হিন্দুস্তান ব্যাংক |
| উপমহাদেশের প্রথম কেন্দ্রীয় ব্যাংক | রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়া |
| উপমহাদেশের প্রথম মুসলিম ব্যাংক | হাবিব ব্যাংক লি. |

### উপমহাদেশের ব্যাংক

- **উপমহাদেশে প্রতিষ্ঠিত প্রথম ব্যাংক–** হিন্দুস্তান ব্যাংক।
- **হিন্দুস্তান ব্যাংক প্রতিষ্ঠিত হয়– ১৭০০ সালে,** কলকাতায়।
- **উপমহাদেশের প্রথম কেন্দ্রীয় ব্যাংক–** রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়া।
- **উপমহাদেশের প্রথম মুসলিম ব্যাংক–** হাবিব ব্যাংক লি. (১৯৪১ সালে, মুম্বাই )।

BTO B--57



Scanned with CamScanner

## বিভিন্ন দেশের কেন্দ্রীয় ব্যাংক

| কেন্দ্রীয় ব্যাংকের নাম | দেশের নাম |
|---|---|
| ব্যাংক অব ইংল্যান্ড | যুক্তরাজ্য |
| ব্যাংকো ডি ফ্রান্স | ফ্রান্স |
| ফেডারেল রিজার্ভ সিস্টেম | যুক্তরাষ্ট্র |
| দি পিপল্'স ব্যাংক অব চায়না | চীন |
| সেন্ট্রাল ব্যাংক অব দি রাশিয়ান ফেডারেশন (ব্যাংক অব রাশিয়া) | রাশিয়া |
| সেন্ট্রাল ব্যাংক অব দ্য রিপাবলিক অব তার্কি | তুরস্ক |
| রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়া | ভারত |
| স্টেট ব্যাংক অব পাকিস্তান | পাকিস্তান |
| সেন্ট্রাল ব্যাংক অব শ্রীলংকা | শ্রীলংকা |
| ডয়েচে বুন্ডেস ব্যাংক | জার্মানি |
| ব্যাংক নেগারা মালয়েশিয়া | মালয়েশিয়া |
| রয়াল মনিটারি অথরিটি অব ভুটান | ভুটান |
| সেভরিজেস রিক্সব্যাংক | সুইডেন |

## আলোচিত ম্যাগাজিন

- সান অব সানডে- লন্ডন, যুক্তরাজ্য
- ফরবেস- যুক্তরাষ্ট্র
- উইজডেন- লন্ডন, যুক্তরাজ্য
- টাইম- যুক্তরাজ্য
- দ্য ইকনোমিস্ট- লন্ডন, যুক্তরাজ্য
- দ্য টাইমস- লন্ডন, যুক্তরাজ্য
- দ্য গার্ডিয়ান- যুক্তরাজ্য
- আল আহরাম- মিশর
- গালফ নিউজ- দুবাই
- সানডে মিরর- যুক্তরাজ্য

## অর্থগুলো জানতে হবে

- হামাস- আশা / উদ্দীপনা
- তালেবান- ছাত্র
- হিজবুল্লাহ- আল্লাহ্‌র দল
- আল শাবাব- তারুণ্য
- নাকবা- বিপর্যয়
- ইন্তিফাদা- জাগরণ
- আল কায়দা- মৌলিক ভিত্তি
- লস্কর-ই-তাইয়্যেবা- আল্লাহ্‌র সৈন্য
- বলশেভিক- সংখ্যাগরিষ্ঠ
- অস্ট্রেলিয়া- এশিয়ার দক্ষিণ দিক
- থাইল্যান্ড- মুক্তভূমি
- বাবেল মান্দেব- মৃত্যুর দরজা
- সুনামি- পোতাশ্রয়ের ঢেউ
- লায়লা- কালো চুল
- সিডর- রক্ত চক্ষু
- আইলা- ডলফিন / শুশুক



Scanned with CamScanner

## ভিন্ন অর্থে কাছাকাছি শব্দ

**Micro**→ অতি ক্ষুদ্র

**Macro**→ বৃহৎ বা সামগ্রিক

মার্সাই →কেনিয়ার একটি যাযাবর জাতি

ভার্সাই → ফ্রান্সের একটি বিখ্যাত নগরী

সাভানা → আফ্রিকায় অবস্থিত বিশাল তৃণভূমি অঞ্চল

হাভানা → কিউবার রাজধানী শহর

ফেয়ার ফ্রাক্স→ যুক্তরাষ্ট্রের বেসরকারি গোয়েন্দা সংস্থা

ইন্টার ফ্যাক্স→ রাশিয়ার বার্তা সংস্থা

কলম্বিয়া →দক্ষিণ আমেরিকার একটি প্রজাতন্ত্র

কলম্বো → শ্রীলংকার প্রধান শহর

হোয়াইট লজ → ইংল্যান্ডের রাজা অষ্টম এ্যাডওয়ার্ডের জন্মস্থান

হোয়াইট হল → লন্ডনে অবস্থিত ব্রিটিশ সরকারের কার্যালয়

বুশ ম্যান → বতসোয়ানায় বসবাসরত উপজাতি

বুশ হাউজ → লন্ডনে অবস্থিত বিবিসির কার্যালয়

ফ্লীট স্ট্রীট → লন্ডনে অবস্থিত সংবাদপত্র প্রকাশনা

ওয়াল স্ট্রীট → নিউইয়র্কে অবস্থিত শেয়ার বাজার

হুইপ → আইনসভার বিশেস দায়িত্বপ্রাপ্ত সদস্য

হুইগ → মার্কিন যুক্তরাষ্ট্রের একটি রাজনৈতিক দল

লন্ডন → যুক্তরাজ্যের রাজধানী শহর

ইস্ট লন্ডন →দক্ষিণ আফ্রিকার একটি সমুদ্র বন্দর

**OPEC** → তেল রপ্তানীকারক দেশের একটি সংস্থা

**APEC** → প্রশান্ত মহাসাগরীয় একটি অর্থনৈতিক জোট

ইংল্যান্ড → যুক্তরাজ্যের একটি রাজ্য

নিউ ইংল্যান্ড → মার্কিন যুক্তরাষ্ট্রের একটি শহর

আকাবা → জর্দানের একটি বিখ্যাত সমুদ্র বন্দর

আকিয়াব → মিয়ানমারের একটি বিখ্যাত সমুদ্র বন্দর



Scanned with CamScanner

গ্রীনল্যান্ড → বিশ্বের বৃহত্তম দ্বীপ (ডেনমার্কের অধীন)
ফিনল্যান্ড → ইউরোপ মহাদেশের একটি দেশ
গ্রীন ব্যাক → মার্কিন ডলারের অপর নাম

লিপজিগ → জার্মানির একটি শহর
ডানজিগ → পোল্যান্ডের একটি শহর

মাদারল্যান্ড → রাশিয়ায় অবস্থিত বিশ্বের অন্যতম উচ্চতম মূর্তি
মুদারল্যান্ড → নিউজিল্যান্ডের একটি জলপ্রপাত
ওভাল → লন্ডনে অবস্থিত ক্রিকেট খেলার জন্য বিখ্যাত স্থান
ওভাল অফিস → মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের কার্যালয়
সাভাক → ইরানের শাহের গোপন বাহিনী
সাভার → ঢাকার একটি উপজেলা

ওলন্দাজ → নেদারল্যান্ড এর অধিবাসীদের বলা হয়
গোলন্দাজ → যারা প্রত্যক্ষ যুদ্ধে অংশগ্রহণ করে

ফুলগাজী → বাংলাদেশের ফেনী জেলার একটি উপজেলা
বেনগাজী → লিবিয়ার একটি বিখ্যাত সমুদ্রবন্দর

ক্যালিফোর্নিয়া → মার্কিন যুক্তরাষ্ট্রের একটি অঙ্গরাজ্য
নিউ ক্যালিডোনিয়া → ফ্রান্সের একটি কলোনী

ইউরো → ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশসমূহের একক মুদ্রা
ইউরোমানি → লন্ডন ভিত্তিক একটি অর্থনৈতিক জার্নাল
অকল্যান্ড → নিউজিল্যান্ডের একটি দ্বীপ
ফকল্যান্ড → ইংল্যান্ড ও আর্জেন্টিনার মধ্যে বিরোধপূর্ণ দ্বীপ
রেড আর্মি → জাপানের সন্ত্রসবাদী দল
রেড গার্ড → রাশিয়ার কারাখানার শ্রমিক সশস্ত্র সংগঠন
ব্লাক ক্যাট → ভারতের কমান্ডো বাহিনী
ব্লাক শার্টস → ইতালির সাবেক একনায়ক মুসোলিনীর অনুসারী
গ্রেট হল → চীনের প্রেসিডেন্টের কার্যালয়
গ্রীন এক্সপ্রেস → একটি উন্নত জাতের বাঁধাকপির নাম



Scanned with CamScanner

| বিভিন্ন দেশের সংবাদ সংস্থা | |
|---|---|
| বাংলাদেশ | ◆ বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)<br>◆ মিডিয়া সিন্ডিকেট<br>◆ ইস্টার্ন নিউজ এজেন্সি (এনা)<br>◆ ইউনাইটেড নিউজ অব বাংলাদেশ (ইউএনবি) |
| ভারত | ◆ প্রেস ট্রাস্ট অব ইন্ডিয়া (PTI)<br>◆ ইউনাইটেড নিউজ অব ইন্ডিয়া (ইউএনআই) |
| পাকিস্তান | ◆ এসোসিয়েট প্রেস অব পাকিস্তান (এ পি পি)<br>◆ পাকিস্তান প্রেস ইন্টারন্যাশনাল (পি পি আই) |
| যুক্তরাষ্ট্র | ◆ এসোসিয়েট প্রেস (এপি)<br>◆ ভয়েস অব আমেরিকা (VOA)<br>◆ ক্যাবল নিউজ নেটওয়ার্ক (CNN) |
| যুক্তরাজ্য | ◆ রয়টার্স<br>◆ ব্রিটিশ ব্রডকাস্টিং কর্পোরেশন (বিবিসি) |
| ফ্রান্স | ◆ এজেন্সি ফ্রান্স প্রেস (এ.এফ.পি) |
| রাশিয়া | ◆ তাস (TASS)<br>◆ নভোস্তি<br>◆ ইন্টারফ্যাক্স |
| ইন্দোনেশিয়া | ◆ আনতারা |
| জাপান | ◆ কারেন প্রেস সেন্টার (সিপিসি) |
| ইরান | ◆ ইসলামিক রিপাবলিক নিউজ এজেন্সি (ইরনা) |
| ইরাক | ◆ ইরাক নিউজ এজেন্সি (ইনা) |
| সিরিয়া | ◆ সিরিয়ান আরব নিউজ এজেন্সি (সানা) |
| তুরস্ক | ◆ আনাতোলিয়া (ANATOLIA) |
| সার্বিয়া | ◆ তানযুগ |
| মালয়েশিয়া | ◆ বানার্মা |
| ফিলিস্তিন | ◆ ওয়াফা |
| আলজেরিয়া | ◆ আলজেরিয়ান প্রেস সার্ভিস (APS) |
| মিসর | ◆ মিডল ইস্ট নিউজ এজেন্সি (মিনা) |
| নেপাল | ◆ রাষ্ট্রীয় সমাচার সমিতি |



Scanned with CamScanner

# বিখ্যাত সংবাদ ভিত্তিক নিউজ চ্যানেল

## এএফপি (AFP)

- বিশ্বের প্রাচীনতম সংবাদ সংস্থার নাম- Agency France-Presse (AFP).
- AFP প্রতিষ্ঠিত হয়- ১৮৩৫ সালে।
- AFP যে দেশভিত্তিক সংবাদ সংস্থা- ফ্রান্স।
- AFP এর প্রতিষ্ঠাতা- চার্লস লুইস হ্যাবাস।
- AFP এর সদর দপ্তর- প্যারিস, ফ্রান্স।

## এপি (AP)

- AP এর পূর্ণরূপ- Associated Press
- এপি (AP) সংবাদ সংস্থাটি- যুক্তরাষ্ট্র ভিত্তিক।
- AP এর প্রতিষ্ঠা সাল- ১৮৪৬।
